# আল-কুরআনিক রুকইয়াহ হিলিং

রাকী ফয়সাল আহমেদ সাবিত

কুমিল্লা মেডিকেল কলেজ (Cumilla Medical College)

ফোন/হোয়াটসঅ্যাপ: ০১৮৮৬৬০৮৯৯৯

## রুকইয়াহ হুজুম (আক্রমণাত্মক রুকইয়াহ)

এই রুকইয়াহর মূল মেকানিজম হলো: প্রথমে জাদুকে আঘাত করা, এরপর জাদুকরের দিকে সেটি ফেরত পাঠানো এবং শেষে জাদুকরের শরীর অবশ বা জবান বন্ধ করে দেওয়া। পূর্ণ একিন ও বিশ্বাসের সাথে এই আমলগুলো সম্পন্ন করুন।

১ আক্রমণের সূচনা (The Strike)

সূরা আনফাল, আয়াত ১৭

وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَٰكِنَّ اللَّهَ رَمَىٰ

উচ্চারণ: ওয়ামা রমাইতা ইজ রমাইতা, ওয়া লা-কিন্নাল্লাহা রমা।

অর্থ: আর আপনি যখন নিক্ষেপ করেছিলেন, তখন আপনি নিক্ষেপ করেননি; বরং আল্লাহই নিক্ষেপ করেছিলেন।

নির্দেশনা: এখানে 'ওয়া লা-কিন্নাল্লাহা রমা' অংশটি বারবার ১০-২০ বার বা তার বেশি সময় ধরে পুনরাবৃত্তি করুন।

উদ্দেশ্য: জাদুকরের পাঠানো বান আল্লাহর হুকুমে তার দিকেই ফেরত পাঠানো।

২ জাদুকরের শরীর ও জবান বন্ধ করা (Binding)

সূরা ইয়াসিন, আয়াত ৬৫

الْيَوْمَ نَخْتِمُ عَلَىٰ أَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَا أَيْدِيهِمْ وَتَشْهَدُ أَرْجُلُهُم بِمَا كَانُوا يَكْسِبُونَ

উচ্চারণ: আল ইয়াওমা নাখতিমু 'আলা আফওয়াহিহিম, ওয়া তুকাল্লিমুনা আইদিহিম...

অর্থ: আজ আমি তাদের মুখে মোহর মেরে দেব, তাদের হাত আমার সাথে কথা বলবে...

নির্দেশনা: 'আল ইয়াওমা নাখতিমু 'আলা আফওয়াহিহিম' অংশটি বারবার রিপিট করুন।

উদ্দেশ্য: জাদুকর যেন আর কোনো কুফরি কালাম উচ্চারণ করতে না পারে, তার জবান বন্ধ করা।

৩ জাদুর বাঁধন ধ্বংস করা (Destruction)

সূরা ইউনুস, আয়াত ৮১

مَا جِئْتُم بِهِ السِّحْرُ ۖ إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُ

উচ্চারণ: মা জি'তুম বিহিস সিহর, ইন্নাল্লাহা সাইউবত্বিলুহু।

অর্থ: তোমরা যা নিয়ে এসেছ তা তো জাদু। নিশ্চয়ই আল্লাহ তা বাতিল করে দিবেন।

নির্দেশনা: 'ইন্নাল্লাহা সাইউবত্বিলুহু' অংশটি উচ্চস্বরে এবং বারবার জোর দিয়ে পাঠ করুন।

উদ্দেশ্য: শরীরে থাকা জাদুর গিরা বা গিঁটগুলো ছিন্নভিন্ন করে ফেলা।

## বদদোয়া বা লানত (Specific Dua/Curse)

لَعْنَةُ اللّٰهِ عَلَى الْكَاذِبِينَ — মিথ্যাবাদীদের ওপর আল্লাহর অভিশাপ।

لَعْنَةُ اللّٰهِ عَلَى السَّاحِرِينَ — জাদুকরদের ওপর আল্লাহর অভিশাপ।

اللَّهُمَّ دَمِّرْهُمْ — হে আল্লাহ, তাদের ধ্বংস করুন।

## শোনার নিয়ম ও বিশেষ প্রতিক্রিয়া (Symptoms)

১. "রমা" শোনার সময় শরীরে ঝাঁকুনি বা কিছু বেরিয়ে যাওয়ার অনুভূতি হলে → জাদু ফেরত যাচ্ছে।
২. "নাখতিমু" শোনার সময় শ্বাসকষ্ট বা গলা চেপে আসা মনে হলে → আপনার জবান বা কথা বলার শক্তি টার্গেট করা হয়েছে।
৩. "সাইউবত্বিলুহু" শোনার সময় পেটে মোচড় দিলে → পেটে খাওয়ানো জাদু থাকতে পারে।